



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর,

ঢাকা-১২০৭।

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.২১৭

তারিখ: ২২ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

### পুনঃভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৩য়, ৫ম ও ৭ম পর্বে অধ্যয়নরত পুনঃভর্তির প্রয়োজন এমন শিক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রবিধানের পুনঃভর্তির সাধারণ নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে তথ্য ছক-০১ এ বর্ণিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে **Login** করে বোর্ডের ওয়েবসাইটে “অনলাইন তথ্য প্রেরণ / গ্রহণ” রকের “ডিপ্লোমা পর্যায়” প্রবেশ করে “**Diploma (Engg) Re-admission Data Entry link**” অনলাইনে তথ্যাদি প্রেরণ করতে হবে এবং অনলাইনে প্রেরিত তথ্যের অনলাইন প্রিন্ট আউট কপি, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিং ও বোর্ড নির্ধারিত ফি জমাদানের ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র তথ্য ছক-০১ এ বর্ণিত তারিখের মধ্যে বোর্ডে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (১)

পুনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ	পুনঃভর্তি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ
০৬-২৮ এপ্রিল, ২০২৬ খ্রিঃ	০৬-২৮ এপ্রিল, ২০২৬ খ্রিঃ	২৯-৩০ এপ্রিল, ২০২৬ খ্রিঃ

#### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২)

প্রতিষ্ঠান কোড ও নাম:								
প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা:				প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর:				
ক্রম	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নং	রেজিস্ট্রেশন নং	শিফট	পর্ব	সেশন	ভর্তিকৃত প্রবিধান (২০১৬/২০২২)

#### পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

- ২য় ও ৩য় পর্বের শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান-২০২২ অনুসরণ করতে হবে এবং ৫ম ও ৭ম পর্বের শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রবিধান-২০১৬ ও প্রবিধান-২০২২ যার ক্ষেত্রে যেটি প্রযোজ্য সেই প্রবিধান অনুসরণ করতে হবে।
- প্রবিধান-২০১৬ এর অধীনে অধ্যয়নরত ৫ম পর্বের শিক্ষার্থীদের এবারই শেষবারের মত পুনঃভর্তি করানো যাবে এবং প্রবিধান-২০১০ এর অধীনে অধ্যয়নরত কোন শিক্ষার্থীর পুনঃভর্তি হবে না;
- প্রতিষ্ঠানে পুনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন সংশ্লিষ্ট প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পুনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের পুনঃভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক

Online-এ প্রেরণ এবং Online-এ প্রেরিত তথ্যের প্রিন্ট আউট কপি বোর্ড নির্ধারিত ফি (ব্যাংক ড্রাফট) জমা দিতে হবে;

- ৪। পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্ত করে সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র উল্লিখিত তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, মোট পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর সমুদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট করতে হবে।
- ৫। Online-এ প্রেরিত হলেও শিক্ষার্থীর পুনঃভর্তির প্রয়োজন না হলে তা বাতিল বলে গণ্য হবে

- বোর্ড নির্ধারিত তারিখের পরে পুনঃভর্তির কোন আবেদন সুপারিশ করে বোর্ডে প্রেরণ না করার জন্য সকল অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করা হলো।



০৫/০৪/২০২৬খ্রি.

(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।


ফোন নং-০২-৫৫০০৬৫২৩ (অফিস)

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১.২৫.২১৭(০৬)

তারিখ: ২২ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ০১। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৩। উপপরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৪। সিস্টেম এ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৫। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৬। অফিস নথি



০৫/০৪/২০২৬খ্রি.

(প্রকৌশলী মোঃ আনোয়ার হোসেন)

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ০২-৫৫০০৬৫৪০ (অফিস)